The Daily Star

24 JUL 2026

Bangladesh steps up in global chip race

Tax incentives, policy support and global partnerships drive industry's expansion plans

MAHMUDUL HASAN

After more than a decade of steady growth, Bangladesh's semiconductor sector is preparing for what industry leaders describe as its biggest push yet, backed by coordinated government policy, tax incentives and renewed efforts to expand globally.

What began with a handful of chip designers has grown into an ecosystem of local companies serving clients in the United States, Japan, Taiwan and other countries.

Although still small, the sector is entering a new phase as policy support, international partnerships and talent development begin to converge, industry leaders say.

The government has announced a series of tax incentives for semiconductor and chip-related activities in the FY2026-27 budget, exempting regulatory duty, supplementary duty, VAT and advance tax on raw materials used in chip design, testing and packaging until June 30, 2031, while retaining a 1 percent import duty.

The incentives follow months of policy work and international roadshows led by the Bangladesh Semiconductor Industry Association (BSIA), which says global technology companies are increasingly viewing Bangladesh as a potential destination for semiconductor design and engineering services.

"The combination of fiscal incentives, policy support and growing engineering capacity could position Bangladesh to capture a larger share of the rapidly expanding global semiconductor market," MA Jabbar, president of BSIA, told The Daily Star.

The momentum is expected to accelerate this week with the National Semiconductor Symposium & BEAR Summit 2026 at Novo Theatre, Dhaka, on July 25-26. The event will bring together government leaders, global semiconductor executives, researchers, investors, universities and members of the Bangladeshi diaspora.

Organised by the BSIA, in partnership with the Ministry of Science and Technology and the Silicon River Bangladesh programme, the summit will be inaugurated by Prime Minister Tarique Rahman.

It is expected to unveil eight strategic documents, including a national semiconductor talent roadmap, ecosystem roadmap and international partnership framework, to guide Bangladesh's long-term semiconductor ambitions.



Roadshows in Malaysia, South Korea and the United States have also attracted global semiconductor companies interested in collaborating with local firms.

INSIDE BANGLADESH'S CHIP INDUSTRY

After graduating from Buet in 1977 and later working as a chip designer at AMD in the United States, Mohammed Enayetur Rahman returned to Bangladesh and founded Ulkasemi in Dhaka in 2007 with just four engineers.

Since then, Ulkasemi has grown into one of the country's leading semiconductor firms. It became a Design Center Alliance partner of TSMC in 2021 and now operates design centres in four countries, employing more than 600 engineers with a senior management team that brings over 250 years of combined Silicon Valley experience.

The wider industry has also expanded. According to BSIA, around 1,200 engineers now work in semiconductor-related activities across companies including Ulkasemi, Neural Semiconductor, iTest Bangladesh, sBIT Inc, Mars Solutions, Prime Silicon, Siliconova, and others. Annual industry revenue is estimated at $12 million-$15 million, still modest by global standards but significantly higher than a few years ago.

The industry's immediate focus is not advanced chip manufacturing.

"Manufacturing (foundries/fabs) is currently beyond our reach in Bangladesh," said Munir Ahmed, founder of iTest Bangladesh Limited. "Our core focus for the country will be design, testing and assembly."

Founded around 2021 with a small training-oriented team, iTest now employs 33 people and expects its workforce to exceed 50 by the end of this year while serving mainly American and Taiwanese clients.

Neural Semiconductor, launched by DBL Group in 2017, has grown from 20 engineers to more than 200 and plans to double its engineering workforce again.

"We primarily focus on physical design, analogue design, layout and RF design," MA Jabbar, also managing director at Neural Semiconductor Limited.

READ MORE ON B2

Another early entrant, sBIT Inc, established in Silicon Valley in 2007 and in Bangladesh in 2010, works with international clients including Broadcom and AMD while providing chip design tools and training support to universities.

"We are two pioneer companies in Bangladesh: sBIT and Ulkasemi," said Jahangir Dewan, CEO of sBIT.

Prof Muhammad Mustafa Hussain, a professor of electrical and computer engineering at Predue University, said several initiatives are under way, including a Semiconductor Training, Advances and Research (STAR) facility at BUET, efforts to revive cleanroom infrastructure at the Bangladesh Atomic Energy Commission and expanded research collaboration programmes.

Around 3,500 people are expected to receive training through current initiatives, while BSIA has set long-term targets of 10,000 skilled professionals and more than $1 billion in revenue by 2030.

Bangladesh's push comes as semiconductors become increasingly strategic, powering artificial intelligence, data centres, electric vehicles, defence equipment and smartphones.

Industry leaders say the country's neutral geopolitical position could work in its favour.

"Bangladesh is a neutral country. Neither side views us as a rival," said Prof Hussain, referring to the ongoing US-China technology competition.

Bangladesh currently accounts for only about 0.01 percent of the global semiconductor market. Prof Hussain said the initial target was to raise that share to 0.1 percent before eventually reaching 1 percent.

"If you could capture 1 percent of the global market by 2035, it would be more than $100 billion-dollar earnings for Bangladesh," he added.

INDUSTRY SEEKS POLICY BACKING

Despite recent policy initiatives, industry leaders say Bangladesh will need stronger long-term support to become a competitive player in the global semiconductor industry.

Ulkasemi's Enayetur Rahman called for a dedicated semiconductor fund offering low-interest loans and grants, a 20-year tax holiday, a 25 percent export incentive for semiconductor design, testing and packaging services, and cash incentives for exports.

He also urged the government to revise customs rules for all import methods, simplify visa procedures, provide tax benefits for foreign experts, establish a public-private deep-tech investment fund, develop dedicated infrastructure in Hi-Tech Parks, and ensure political stability and a genuine one-stop approval system for investors.

The Financial Express

24 JUL 2026

Packaging makers seek export incentives to stay competitive

FE REPORT

Manufacturers of packaging and garment accessories have urged the government to introduce cash incentives for both direct and deemed exports, saying the support is essential to safeguard the sector and maintain its competitiveness in global markets.

The Bangladesh Packaging and Accessories Manufacturers and Exporters Association (BPAMEA) has submitted a proposal to the finance ministry seeking the incentive, arguing that despite being a key backward linkage industry for the country's export sector, the packaging and accessories industry has so far been excluded from such benefits, sources said.

Currently, the government provides cash incentives to various export-oriented industries to enhance their competitiveness.

A finance ministry official confirmed receipt of the proposal, saying it is currently under review.

BPAMEA claimed the sector is one of the largest contributors to Bangladesh's export economy after the readymade garment (RMG) industry, supplying packaging and accessories to a wide range of export-oriented sectors.

According to the association, the industry has been facing mounting challenges, including rising raw material prices in international markets, high lending rates, liquidity constraints, power shortages, low gas pressure and export order cancellations.

It noted that the government has recognised the sector as a "Product of the Year" in view of its growth potential.

The association estimates that the industry generates around $7.24 billion in direct and indirect export earnings and provides employment to nearly 700,000 people.

Contacted, a BPAMEA leader said, "We have submitted a proposal seeking cash incentives for packaging and accessories products to support the sector and help unlock its growth potential."

The association has around 2,100 member companies, producing almost all types of packaging materials and garment accessories used by export-oriented industries, including readymade garments, pharmaceuticals, ceramics, leather goods, jute products, frozen foods, footwear, fruits and vegetables, and handicrafts.

BPAMEA said cash incentives on export proceeds would help lower production costs, strengthen the sector's resilience and enable manufacturers to compete more effectively in international markets.

The Financial Express

24 JUL 2026

Bangladesh getting 3yr time extension for LDC graduation

ECOSOC to recommend preparatory period up to Nov 2029

- Now it's for forthcoming UNGA session to give seal of approval
- BD to retain duty-free and quota-free market access during intervening period

FHM HUMAYAN KABIR

Bangladesh is set to get three-year extension for graduation from the least-developed country (LDC) status as the United Nations Economic and Social Council (ECOSOC) is going to recommend the much-needed breather, officials say.

Nepal is another South Asian nation likely to get the time extension for graduation alongside Bangladesh.

Highly placed sources have said both the countries are going to receive three more years up to November 2029 for the transition as well taking preparation for the graduation to a developing nation.

The recommendation will now be forwarded to the United Nations General Assembly (UNGA) for final ratification during its upcoming high-level session this September, they said.

The decision was made during an ECOSOC session in New York on July 21, a Ministry of Finance (MoF) official said.

Originally scheduled for the status upgrade in November 2026, Bangladesh and Nepal sought the timeline adjustment to cushion their economies against persistent global and domestic headwinds.

"The ECOSOC's recommendation will be finalised in the UNGA. The 192-member UNGA will finalise the extension proposal," said the senior MoF official.

"If any UNGA member demands voting for Bangladesh's LDC graduation-deferment proposal at the next meeting, then the country will need support from the majority member-countries.

"So, we are thinking to sensitize the 192 UN member-countries aimed at getting their support in the September UNGA," he added.

Economists, businessmen and policymakers have widely welcomed the move, noting that the extension offers a vital lifeline for Bangladesh's export-oriented sectors.

The primary benefit of the deferment is the preservation of international-support mechanisms, they said.

Under the extended timeframe, Bangladesh will retain its duty-free and quota-free (DFQF) market access across major global markets, including the European Union, the United Kingdom, and Canada, for an additional three years.

Businessmen say an immediate graduation in 2026 would have triggered a sharp rise in export tariffs, particularly for the ready-made garment (RMG) sector, which accounts for over 80 per cent of the nation's total export earnings.

Exporters warn that sudden tariff hikes could have compromised Bangladesh's competitive edge against global rivals in trade.

While Bangladesh comfortably met all three UN criteria for graduation -- Gross National Income (GNI), Human Assets Index (HAI), and Economic Vulnerability Index (EVI) -- the macroeconomic landscape has shifted drastically since its initial recommendation in 2021.

A severe foreign-exchange crunch, persistent domestic inflation, volatile energy prices, and recent domestic political transitions have strained the national economy.

FROM PAGE 1 CO

The three-year window is viewed by international partners not as a pause but as a critical transition period to execute deep fiscal and structural reforms, diversify exports, and stabilise the banking sector.

Following ECOSOC's endorsement, the final procedural hurdle rests with the UNGA in September, where member-states are expected to formally adopt the resolution to secure the November-2029 timeline.

Meanwhile, a high-powered Bangladeshi team sat with the representative of the 54 ECOSOC member-countries as the UN social council takes decision on the deferment of Bangladesh's LDC-graduation date, they said

The Bangladesh team, headed by Commerce Minister Khandaker Abdul Muqtadir, sat with the representatives of the ECOSOC countries at the UN headquarters on July 15-18.

kabirhumayan10@gmail.com

The Business Standard

24 JUL 2026

Bangladesh to host first national semiconductor summit as deep-tech ambitions gather pace

Bangladesh will host its first-ever "National Semiconductor Symposium and Biomedical, Electronics, Artificial Intelligence and Robotics Summit 2026" on 25-26 July as the country steps up efforts to position itself as a globally connected hub for semiconductor manufacturing and deep-tech innovation.

Prime Minister Tarique Rahman is expected | SEE PAGE 4 COL 2

Bangladesh to host first national semiconductor

CONTINUED FROM PAGE 1

to inaugurate the event at Novo Theatre in Dhaka tomorrow. The Ministry of Science and Technology, the Bangladesh Semiconductor Industry Association, and Silicon River are jointly organising the tech-driven programme.

The event will focus on building Bangladesh's semiconductor ecosystem and exploring opportunities in AI, biotechnology, robotics and research commercialisation.

The event will feature 11 plenary sessions and seven strategic panel discussions on the technology.

At a press briefing yesterday, Science and Technology Secretary Anwar Hossain said technology-driven economies are now at the centre of global economic development, and Bangladesh is working to transform itself into a high-tech, innovation-driven and knowledge-based economy.

He said the ministry is implementing a new vision "Science to Economy: Building a Market-Linked, Innovation-Driven Bangladesh."

Anwar said the government is pursuing four strategic pillars to build the country's semiconductor and deep-tech ecosystem. The government is also planning to establish a "National AI Institute" to support research and policy-making related to artificial intelligence, the secretary said.

The event will feature international speakers and representatives from leading technology companies and institutions, including Texas Instruments, Purdue University, GlobalFoundries, NXP, Applied Materials, SanDisk, CREDO and the Vietnam Semiconductor Alliance and Partnership.

Among the key speakers are expected to be Texas Instruments Chief Technology Officer Dr Ahmad Bahai and Purdue University Senior Vice President Professor Dimitrios Peroulis.

বণিক বার্তা
24 JUL 2026

আন্তর্জাতিক বাণিজ্য প্রদর্শনী শেষ কাল

থাই বিনিয়োগকারীদের আরো বেশি বিনিয়োগের আহ্বান বাণিজ্যমন্ত্রীর

নিজস্ব প্রতিবেদক ■

বাংলাদেশ ও থাইল্যান্ডের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক আরো জোরদারের মাধ্যমে দুই দেশের অর্থনৈতিক সহযোগিতা নতুন উচ্চতায় পৌঁছবে বলে আশা প্রকাশ করেছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। তিনি থাই বিনিয়োগকারীদের বাংলাদেশের সম্ভাবনাময় বিভিন্ন খাতে আরো বেশি বিনিয়োগের আহ্বান জানিয়েছেন।

গতকাল রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁওয়ে তিন দিনব্যাপী আন্তর্জাতিক বাণিজ্য প্রদর্শনী 'টপ থাই ব্র্যান্ডস ২০২৬'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত থাইল্যান্ডের রাষ্ট্রদূত থিতিপর্ন চিরাসাওয়াদি, রয়্যাল থাই দূতাবাসের কর্মকর্তারা, থাইল্যান্ডের অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, ব্যবসায়ী নেতা, উদ্যোক্তা ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

রয়্যাল থাই সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন আন্তর্জাতিক বাণিজ্য উন্নয়ন বিভাগের (ডিআইটিপি) আয়োজনে এবং ঢাকাস্থ রয়্যাল থাই দূতাবাসের বাণিজ্যিক বিষয়ক কার্যালয়ের সহযোগিতায় আয়োজিত এ প্রদর্শনীতে থাইল্যান্ডের ৫৭টি প্রতিষ্ঠান অংশ নিয়েছে। তিন দিনব্যাপী এ প্রদর্শনী চলবে ২৫ জুলাই পর্যন্ত। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত প্যান প্যাসিফিক সোনারগাঁও দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে।

বাণিজ্যমন্ত্রী বলেন, 'বাংলাদেশ ও থাইল্যান্ডের সম্পর্ক পারস্পরিক আস্থা, সম্মান ও সহযোগিতার ভিত্তিতে দীর্ঘদিনের। বাণিজ্য, বিনিয়োগ, পর্যটন, সংস্কৃতি ও আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্রে দুই দেশের সম্পর্ক ক্রমেই সম্প্রসারিত হচ্ছে।'

তিনি বলেন, 'থাইল্যান্ড বাংলাদেশের অন্যতম গুরুত্বপূর্ণ বাণিজ্যিক অংশীদার। দুই দেশের মধ্যে বাণিজ্য বাড়লেও এখনো বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের বিপুল সুযোগ রয়েছে।'

খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, 'বাংলাদেশ তার কৌশলগত অবস্থান, বড় ভোক্তা বাজার, দক্ষ জনশক্তি এবং বিনিয়োগবান্ধব নীতির কারণে বিদেশী বিনিয়োগের জন্য একটি আকর্ষণীয় গন্তব্যে পরিণত হয়েছে। কৃষি প্রক্রিয়াকরণ, পর্যটন, চামড়া, তৈরি পোশাক, অটোমোবাইল যন্ত্রাংশ, রাবার পণ্যসহ বিভিন্ন খাতে থাই বিনিয়োগকে আমরা স্বাগত জানাই।'

বাণিজ্যমন্ত্রী বলেন, 'আন্তর্জাতিক বাণিজ্য প্রদর্শনী শুধু পণ্য প্রদর্শনের সুযোগ নয়, বরং উৎপাদক, আমদানিকারক, রফতানিকারক, পরিবেশক, বিনিয়োগকারী ও উদ্যোক্তাদের মধ্যে সরাসরি যোগাযোগ তৈরির একটি কার্যকর মাধ্যম।'

তিনি বলেন, 'টপ থাই ব্র্যান্ডস ২০২৬'-এর মতো আয়োজন দুই দেশের ব্যবসায়ীদের মধ্যে নতুন সম্পর্ক তৈরি করবে এবং বাণিজ্য সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।'

সরকার ব্যবসা ও বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরিতে কাজ করছে উল্লেখ করে তিনি বলেন, 'বাণিজ্য সহজীকরণ, অবকাঠামো উন্নয়ন, ডিজিটালাইজেশন এবং আন্তর্জাতিক বাজারের সঙ্গে যোগাযোগ বাড়াতে বিভিন্ন উদ্যোগ নেয়া হয়েছে।' বাণিজ্যমন্ত্রী অংশগ্রহণকারী থাই কোম্পানিগুলোকে বাংলাদেশের ব্যবসায়ী, আমদানিকারক, পরিবেশক ও বিনিয়োগকারীদের সঙ্গে যোগাযোগ বাড়ানোর আহ্বান জানান। পাশাপাশি বাংলাদেশের ব্যবসায়ীদের থাইল্যান্ডের বাজারে দেশীয় পণ্য রফতানির নতুন সুযোগ অনুসন্ধানের আহ্বান জানান।

বণিক বার্তা
24 JUL 2026

ঢালাও রফতানির অনুমতি

দেশে রেকর্ড পরিমাণ বেড়েছে সুগন্ধি চালের বাজারদর

সুজিত সাহা ■ চট্টগ্রাম ব্যুরো

দেশে চলতি বছর ঢালাওভাবে সুগন্ধি চাল রফতানির অনুমতি দেয়া হয়েছে। দুই দফায় ২৭৮টি প্রতিষ্ঠানকে রফতানির অনুমতি দেয়া হয়। এ খবরে বিগত কয়েক মাসের ব্যবধানে দেশের ইতিহাসে রেকর্ড পরিমাণ বেড়েছে সুগন্ধি চালের বাজারদর। এতে সবচেয়ে বেশি প্রভাব পড়েছে হোটেল-রেস্তোরাঁর ব্যবসায়ীদের ওপর।

ব্যবসায়ীরা জানান, কয়েক মাস আগেও পাইকারি বাজারে বস্তাপ্রতি (৫০ কেজি) সবচেয়ে বেশি বিক্রীত সুগন্ধি চাল চিনিগুঁড়ার (ভালো মানের) সর্বনিম্ন দাম ছিল ৫ হাজার ৫০০ টাকা। এক মাস আগেও একই মানের চিনিগুঁড়া চালের দাম ছিল ৭ হাজার ৫০০ টাকা। এরই মধ্যে দাম বেড়ে ৯ হাজার ৪০০ টাকায় উঠে গেছে। অর্থাৎ এক মাসে চিনিগুঁড়া চালের দাম বেড়েছে ১ হাজার ৯০০ টাকা, দুই মাসে দাম বেড়েছে ৩ হাজার ৯০০ টাকা। দুই মাসে দেশের পাইকারি বাজারে চিনিগুঁড়া চালের কেজিপ্রতি দাম বেড়েছে প্রায় ৭৮ টাকা।

বাণিজ্য মন্ত্রণালয়ের আমদানি ও রফতানি প্রধান নিয়ন্ত্রকের কার্যালয় সূত্রে জানা গেছে, রফতানির অনুমতি দেয়ার দুই মাস হলেও চূড়ান্ত অনুমতি নেয়ার প্রবণতা খুবই কম। সর্বশেষ ২৩ জুলাই পর্যন্ত সুগন্ধি চাল রফতানির জন্য ৭৯টি প্রতিষ্ঠান অনুমতি নিয়েছে। এর মধ্যে ১৩ মের অনুমোদন থেকে ৭৩টি প্রতিষ্ঠান এবং ১৪ জুলাইয়ের অনুমোদন থেকে ছয়টি প্রতিষ্ঠান অনুমতি নিয়েছে। অনুমোদন পাওয়ার পরও রফতানিতে ধীরগতির ফলে বাজারে দাম বেড়ে যাওয়ায় লক্ষ্যমাত্রা অনুযায়ী কাঙ্ক্ষিত রফতানি হবে না বলে আশঙ্কা করছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা।

দুই মাস আগেও দেশের বাজারে সুগন্ধি চালের মধ্যে চিনিগুঁড়ার খুচরা দাম ছিল কেজিপ্রতি সর্বনিম্ন ১১০ থেকে ১৪০ টাকার মধ্যে। বর্তমানে দাম বেড়ে সর্বনিম্ন ১৭০ থেকে ২০০ টাকায় উঠে গেছে। এর মধ্যে মোড়কজাত ব্র্যান্ডেড কোম্পানিগুলোর চিনিগুঁড়া চালের দাম কেজিপ্রতি ২০০ টাকা ছাড়িয়েছে। চাহিদাসম্পন্ন চিনিগুঁড়া চালের দাম বেড়ে যাওয়ায় বাজারে বিভিন্ন জাতের চাল মিশ্রিত করে ভেজাল চিনিগুঁড়া চালের দৌরাত্ম্য বেড়ে গেছে। ব্যবসায়ীদের একটি শ্রেণী আতপ কাটারিসহ বিভিন্ন সরু চাল চিনিগুঁড়ার সঙ্গে মিশিয়ে কম দামে বিক্রির মাধ্যমে ভোক্তাদের ঠকাচ্ছেন বলে জানিয়েছেন খাতসংশ্লিষ্টরা।

চট্টগ্রামের চাক্তাই চাল মিল মালিক সমিতির সভাপতি মো. রফিক উল্লাহ বণিক বার্তাকে বলেন, 'রফতানির অনুমতি দেয়ার পর থেকেই দেশের সব ব্র্যান্ডের চিনিগুঁড়া চালের দাম বেড়ে যায়। অধিকাংশ প্রতিষ্ঠানই লাভের আশায় রফতানির অনুমতি নিলেও রফতানির কোনো কার্যক্রমই চালাচ্ছে না। কেউ কেউ চালের দাম কমে যাওয়ার জন্য অপেক্ষা করছে। আবার কেউ কেউ লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ করতে না পারায় রফতানি না করে বসে আছে। যার কারণে মজুদ চাল বাজারে বিক্রি না হওয়ায় সরবরাহ সংকটে বাজারে দাম বাড়ছে।' একটি নির্দিষ্ট সময়ের মধ্যে রফতানি প্রক্রিয়া শেষ করা না হলে দেশের সুগন্ধি চালের বাজার অতীতের সব রেকর্ড ভেঙে সব ধরনের চালের দাম অস্থিতিশীল হয়ে পড়বে বলে আশঙ্কা করছেন তিনি।

জানা গেছে, এবার সুগন্ধি চাল রফতানির ক্ষেত্রে কিছু বিশেষ শর্ত জুড়ে দেয়া হয়েছে। রফতানিযোগ্য চালের অনুমোদন হস্তান্তর না করা, রফতানীকৃত চালের নির্ধারিত দাম থাকায় কেউ কেউ অনুমোদন পেলেও চূড়ান্ত অনুমতি নিচ্ছে না। আবার দুই মাসের ব্যবধানে দুই দফায় ২৭৮টি প্রতিষ্ঠানকে অনুমতি দেয়ায় বাজারে কৃত্রিম সংকট তৈরি হয়েছে। কয়েক বছর ধরে দেশে খাদ্যপণ্য উৎপাদন ও হোটেল-রেস্তোরাঁয় সুগন্ধি চালের ব্যবহার বেড়ে যাওয়ায় রফতানির কারণে বাজারে নেতিবাচক প্রভাব পড়েছে।

জানতে চাইলে চট্টগ্রামের হোটেল মালিক সমিতির সভাপতি মো. ইলিয়াস ভূঁইয়া বণিক বার্তাকে বলেন, 'কয়েক মাসের ব্যবধানে চিনিগুঁড়া চালের দাম বস্তাপ্রতি ৪ হাজার ৫০০ টাকা বেড়ে গেছে। কিন্তু ব্যবসায়িক মন্দায় চাইলেও ভাত কিংবা পোলাও-বিরিয়ানির দাম বাড়ানো যাচ্ছে না। ফলে লাভের হার অস্বাভাবিক কমে ব্যবসায় বড় ধরনের সংকটের মধ্যে রয়েছেন সাধারণ হোটেল-রেস্তোরাঁ মালিকরা।'

ব্যবসায়ীরা জানিয়েছেন, ২০২৫ সালে সরকার দুই দফায় মোট ২৩ হাজার ৯৫৯ টন সুগন্ধি চাল রফতানির অনুমতি দিয়েছিল। প্রথম দফায় ১৮ হাজার ১৫০ টন এবং দ্বিতীয় দফায় ৫ হাজার ৮০০ টন অনুমতি দেয়া হয়। রফতানির সময়সীমা কয়েক দফায় বাড়িয়ে চলতি বছরের এপ্রিল পর্যন্ত নির্ধারণ করেছিল সরকার। কিন্তু পুরনো বছরের রফতানির সময়সীমা শেষ হওয়ার দুই সপ্তাহের মধ্যেই নতুন করে আগের বছরের তুলনায় দ্বিগুণ পরিমাণ চাল রফতানির অনুমোদন দেয়ায় দেশের বাজারে সুগন্ধি চালের দাম রেকর্ড পরিমাণ বেড়েছে বলে জানিয়েছেন তারা।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্যমতে, ২০১৯-২০ অর্থবছরে সুগন্ধি চাল রফতানি করে আয় হয়েছিল ২৮ লাখ ৮০ হাজার ডলার। ২০২০-২১ অর্থবছরে আয় কমে হয় ২০ লাখ ৬০ হাজার ডলার। ২০২১-২২ অর্থবছরে এ আয় আরো কমে ১০ লাখ ৭০ হাজার ডলারে নেমে আসে। এরপর ২০২২-২৩ অর্থবছরে সরকার সুগন্ধি চাল রফতানির অনুমতি স্থগিত রেখেছিল। এবার প্রতি কেজি চাল রফতানির সর্বনিম্ন মূল্য ১ দশমিক ৬০ ডলার নির্ধারণ করা হয়েছে।

সংশ্লিষ্টরা জানিয়েছেন, ২০০৯-১০ অর্থবছরের দিকে বাংলাদেশ থেকে বিশ্ববাজারে সুগন্ধি চাল রফতানি শুরু হয়। প্রথমবার মাত্র ৬৬৩ টন রফতানি হলেও ২০১৯-২০ অর্থবছরে এ পরিমাণ ১০ হাজার ৮৭৯ টনে উন্নীত হয়। দেশে বছরে সুগন্ধি চাল উৎপাদিত হয় ১৮-২০ লাখ টন। শুরুর দিকে বাংলাদেশ থেকে বছরে গড়ে ১০ হাজার টন চাল রফতানি হলেও সর্বশেষ দুই বছর অনুমতি কয়েক গুণ বাড়ানোর ফলে দেশের বাজারে কৃত্রিমভাবে দাম বেড়েছে। মূলত দেশের বিভিন্ন চাল উৎপাদনকারী মিল, করপোরেট প্রতিষ্ঠান যুক্তরাজ্য, ইউরোপের বিভিন্ন দেশ, যুক্তরাষ্ট্র, সংযুক্ত আরব আমিরাত (ইউএই), মালয়েশিয়া, সিঙ্গাপুরসহ বাংলাদেশী প্রবাসীদের লক্ষ্য করে সুগন্ধি চাল রফতানি করে। বিশ্ববাজারে ভারত ও পাকিস্তানের বাসমতীসহ বিভিন্ন ক্যাটাগরির সুগন্ধি চাল পাওয়া গেলেও বাংলাদেশীদের কাছে চিনিগুঁড়া চালের চাহিদাই সবচেয়ে বেশি। যার কারণে সরকার সুগন্ধি চাল রফতানিতে বিগত সময়ের তুলনায় সবচেয়ে বেশি অনুমোদন দিয়েছে বলে জানিয়েছেন বাণিজ্য মন্ত্রণালয়-সংশ্লিষ্টরা।

জানতে চাইলে বাণিজ্য মন্ত্রণালয়ের আমদানি ও রফতানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের নির্বাহী কর্মকর্তা নুরুল ইসলাম বণিক বার্তাকে বলেন, 'দুই দফায় রফতানির অনুমতি দেয়া হয়েছে ২৭৮টি প্রতিষ্ঠানকে। তবে অনুমতিপত্র নিয়েছে ৩০ শতাংশেরও কম। আগামী ডিসেম্বর পর্যন্ত সময় থাকায় এর মধ্যে রফতানির জন্য অনুমতি নেয়া হতে পারে।'

বাণিজ্য মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, প্রতি বছরই অনুমতি পাওয়ার পর অনেকেই রফতানি করে না। আবার কেউ কেউ অন্য প্রতিষ্ঠানের কাছে অনুমতিপত্র হস্তান্তর করে দেয়। এবার কঠোর অবস্থান নেয়ায় চাহিদা থাকলেও রফতানির অনুমতি নিতে বিলম্ব হচ্ছে। আবার কেউ চাইলেও সাব-কন্ট্রাক্টের মাধ্যমে রফতানি করতে পারবে না। তবে দফায় দফায় রফতানির সময়সীমা বাড়ানোর ফলে দেশের বাজারে রফতানিকে কেন্দ্র করে কৃত্রিম সংকট ও মজুদদার শ্রেণী তৈরি হচ্ছে। এতে দেশের বাজারে সুগন্ধি চালের দাম অস্বাভাবিক হারে বেড়েছে বলে মনে করছেন তারা।

সমকাল

24 JUL 2026

রপ্তানি ১০০ কোটি ডলারে উন্নীত করতে চায় সেমিকন্ডাক্টর খাত

সমকাল প্রতিবেদক

আজ জাতীয় সম্মেলনের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

সেমিকন্ডাক্টরের বিশ্ববাজারে নিজেদের অংশীদারিত্ব বাড়াতে এবং এ খাত থেকে দেশের জন্য বিলিয়ন ডলারের রপ্তানি আয়ের স্বপ্ন দেখছে বাংলাদেশ। বিশাল তরুণ জনগোষ্ঠীকে দক্ষ করে গড়ে তোলার মাধ্যমে উচ্চমূল্য সংযোজনকারী পণ্য উৎপাদন ও রপ্তানি এ খাতের মূল লক্ষ্য।

রাজধানীর গুলশান ক্লাবে বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন আয়োজিত এক সংবাদ সম্মেলনে বক্তারা দেশের এমন রোডম্যাপ তুলে ধরেন। তারা প্রত্যাশা করেন, ২০৩০ সালের মধ্যে দেশের সেমিকন্ডাক্টর শিল্পের রপ্তানি এক বিলিয়ন বা ১০০ কোটি ডলারের উন্নীত হবে এবং গ্লোবাল 'চিপ' বাজারে একটি শক্তিশালী 'হাব' হিসেবে আবির্ভূত হবে।

আজ শুক্রবার রাজধানীর বিজয় সরণির নভো থিয়েটারে শুরু হচ্ছে দুই দিনব্যাপী 'ন্যাশনাল সেমিকন্ডাক্টর সিম্পোজিয়াম ও বিয়ার সামিট ২০২৬' বিষয়ে জানাতে। দেশের এ ধরনের সামিট দ্বিতীয়। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সেমিকন্ডাক্টর ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশন এবং সিলিকন রিভার বাংলাদেশ যৌথভাবে এ সম্মেলন আয়োজন করতে যাচ্ছে। এর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী তারেক রহমান। পাশাপাশি 'ইনোভেশন এক্সপো ২০২৬'-এরও উদ্বোধন করবেন তিনি। বায়োটেকনোলজি, ইলেকট্রনিক্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স ও রোবটিক্স–এই চার খাতের সমন্বিত অগ্রগতির লক্ষ্যে এ সম্মেলনের আয়োজন করা হয়েছে।

সম্মেলন সামনে রেখে গতকালের সংবাদ সম্মেলনে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব এম. আনোয়ার হোসেন জানান, সরকার বিজ্ঞানভিত্তিক অর্থনীতি গড়ার লক্ষ্যে একটি উদ্ভাবনী ইকোসিস্টেম তৈরি করছে। এই ইকোসিস্টেম মেধার পাইপলাইন তৈরি, বাজারমুখী গবেষণা, উদ্ভাবন বাজার এবং ফ্রন্টিয়ার টেকনোলজি–এ চার স্তম্ভের ওপর দাঁড়িয়ে। তিনি বলেন, বিসিএসআইআর ও পরমাণু শক্তি কমিশনের আধুনিক ল্যাবগুলো গবেষক ও উদ্যোক্তাদের জন্য উন্মুক্ত করা হয়েছে। এ বছরের সামিটের মাধ্যমে সেমিকন্ডাক্টর শিল্পের উন্নয়নের পরবর্তী স্তরে যাওয়ার জন্য একটি সুনির্দিষ্ট রোডম্যাপ তৈরি করতে চাই।

সিলিকন রিভার বাংলাদেশের প্রধান স্থপতি ড. মুহাম্মদ মুস্তাফা হুসাইন বলেন, এই সামিটে বিশ্বখ্যাত কয়েকজন বিশেষজ্ঞ যোগ দিচ্ছেন। দেশে এ বছরের সামিটে ইতোমধ্যে প্রায় তিন হাজার আগ্রহী নিবন্ধন করেছেন। তিনি জানান, ২০২৭ সালের জানুয়ারিতে অনুষ্ঠিতব্য বিশ্বের বৃহত্তম কনজ্যুমার ইলেকট্রনিক্স শো-তে নিজস্ব প্যাভিলিয়ন নিয়ে বাংলাদেশ প্রথমবারের মতো অংশ নেবে।

বিএসআইএ সভাপতি এম. এ. জব্বার দেশের সেমিকন্ডাক্টর শিল্পের অবস্থান তুলে ধরে বলেন, বর্তমানে দেশে ২০টির বেশি কোম্পানিতে ১২ শতাধিক প্রকৌশলী কাজ করছেন । বার্ষিক রপ্তানি এখন এক কোটি ডলারের মতো। তিনি বলেন, সম্প্রতি অনুষ্ঠিত রোডশোগুলোর কারণে এ বছর রপ্তানি দ্বিগুণ হবে। তিনি আরও উল্লেখ করেন, সেমিকন্ডাক্টর যন্ত্রপাতির ওপর শুল্ক কমিয়ে মাত্র এক শতাংশ করেছে সরকার। সরকারের নীতিসহায়তার কারণে এ শিল্পে বিনিয়োগের পথ সুগম হবে।

দুই দিনব্যাপী সামিটে সাতটি কৌশলগত প্যানেল আলোচনা অনুষ্ঠিত হবে। এছাড়া উদীয়মান গবেষকদের জন্য থাকবে 'ফ্রেস্ট ফেলোস রিসার্চ সিম্পোজিয়াম'। সামিটের সমাপনী দিনে 'বাংলাদেশ সেমিকন্ডাক্টর ট্যালেন্ট রোডম্যাপ ২০৩০' ও 'ব্রেইনগেইন ২.০'সহ আটটি কৌশলগত জাতীয় দলিল আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হবে।

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।

সমকাল

24 JUL 2026

পোশাক খাতে স্বচ্ছতা উন্নয়নে সহায়তা দেবে জিআরআই

সমকাল প্রতিবেদক

তৈরি পোশাক খাতে টেকসই ব্যবসায়িক স্বচ্ছতা উন্নয়ন উদ্যোগে সহায়তা দেবে ইমপ্রুভিং ট্রান্সপারেন্সি ফর সাসটেইনেবল বিজনেস (আইটিএসবি)। পরিবেশগত, সামাজিক ও অর্থনৈতিক প্রভাব চিহ্নিত করতে জিআরআই স্ট্যান্ডার্ডস ব্যবহার করবে কারখানাগুলো। গতকাল বৃহস্পতিবার তৈরি পোশাক উৎপাদক ও রপ্তানিকারকদের সংগঠন বিজিএমইএর সঙ্গে এ বিষয়ে জিআরআইর একটি কৌশলগত অংশীদারিত্ব চুক্তি সই হয়েছে। জিআরআইয়ের চিফ অব স্ট্যান্ডার্ডস বাস্তিয়ান বাক ও বিজিএমইএর রেসপন্সিবল বিজনেস হাব এবং সাসটেইনেবিলিটি রিপোর্টিং-সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ওয়াসিম জাকারিয়া চুক্তিতে সই করেন।

অনুষ্ঠানে বাস্তিয়ান বাক বলেন, বিজিএমইএর সঙ্গে অংশীদারিত্ব বাংলাদেশে পোশাক খাতের স্বচ্ছতা জোরদার করার বড় পদক্ষেপ। তারা ব্যবসায়ী, নিয়ন্ত্রক সংস্থা ও অংশীদারদের সঙ্গে সরাসরি কাজ করে জিআরআই মানদণ্ডের ব্যবহারিক প্রয়োগ নিশ্চিত করতে আগ্রহী। এর ফলে দেশীয় পোশাক খাতের বাস্তব অভিজ্ঞতা আন্তর্জাতিক প্ল্যাটফর্মে পৌঁছাবে এবং বিশ্ববাজারে এই খাতের জবাবদিহিতা ও প্রতিযোগিতা সক্ষমতা আরও বাড়বে।

ওয়াসিম জাকারিয়া বলেন, বাংলাদেশের পোশাকশিল্প পরিবেশগত স্থায়িত্ব, নিরাপত্তা ও দায়িত্বশীল উৎপাদনে ইতোমধ্যে বৈশ্বিক স্বীকৃতি পেয়েছে। এখন লক্ষ্য হলো এ সাফল্যকে আন্তর্জাতিক মানদণ্ডে সঠিকভাবে পরিমাপ ও প্রকাশ করা। এর ফলে কেবল ক্রেতা ও বিনিয়োগকারীদের আস্থাই বাড়াবে না, বরং নিজস্ব ঝুঁকি ও নতুন সম্ভাবনা চিহ্নিত করে প্রতিষ্ঠানগুলোকে আরও শক্তিশালী করতে সাহায্য করবে।